

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৫৭

ধর্মনগর, ৯ নভেম্বর, ২০২৪

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব

ধর্মনগর সরকারি মহাবিদ্যালয় প্রাঙ্গণে গতকাল উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞানমেলা অনুষ্ঠিত হয়। যুব উৎসব ও বিজ্ঞানমেলার উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অর্পণা নাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারি সভাধিপতি ভবতোষ দাস, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত পুলিশ সুপার জেরিমিয়া দারলং, মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. গৌতম দাস, কদমতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মিহির নাথ, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অর্পণা সিনহা প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কালাছড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিক্সু শর্মা। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা বিভাবসু গোস্বামী। জেলাভিত্তিক যুব উৎসবে উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন ইলাকের ছয় শতাধিক প্রতিযোগী অংশ নেয়। প্রতিযোগিতায় সমবেত লোকনৃত্য, সমবেত লোক সংগীত, একক লোকনৃত্য, একক লোক সংগীত, কবিতা লেখা, গল্প লেখা, পেইন্টিং ও হাতের কাজের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।
